# 2019

## BENGALI

## ( Major )

Paper : 4.1

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ভাষাতত্ত্বে মৌলিক স্বরধ্বনি কয়টি?

(খ) ক, ত, ন, স—এর মধ্যে রণিত ব্যঞ্জন কোনটি?

(গ) প্রগত সমীভবনের একটি উদাহরণ দাও।

(ঘ) দিশ > দিশা ; কাক > কাগ ; সুবর্ণ > স্বর্ণ—এর মধ্যে ঘোষীভবনের উদাহরণ কোনটি?

(ঙ) অতুল > ওতুল—কোন্ উপভাষার বৈশিষ্ট্য?

(চ) ছন্দের আলোচনায় দ্রুত লয়ের ছন্দটির নাম কী?

(ছ) ধ্বনিপ্রধান ছন্দ অনুযায়ী 'দুর্দান্ত' শব্দের মাত্রা সংখ্যা কত?

(জ) তানপ্রধান ছন্দ অনুযায়ী একটি পূর্ণ পর্বের দৈর্ঘ্য সবচাইতে কম কত মাত্রার হতে পারে?

(ঝ) পূর্ণোপমা অলংকারের কয়টি অঙ্গ থাকে?

(ঞ) 'ভারত ভারতখ্যাত আপনার গুণে।' কোন্ অলংকারের উদাহরণ?

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) বাংলার দুটি সংবৃত স্বরধ্বনির উদাহরণ দাও।

(খ) বাংলায় ব্যবহৃত যে কোনো দুটি দেশী শব্দের উদাহরণ দাও।

(গ) মহাপ্রাণীভবনের দুটি উদাহরণ দাও।

(ঘ) উদাহরণসহ পর্ব ও পর্বাঙ্গের পার্থক্য নিরূপণ করো।

(ঙ) উদাহরণসহ বিরোধাভাস অলংকারের সংজ্ঞা নির্দেশ করো।

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে নাসিক্যীভবন ও স্বতোনাসিক্যীভবনের পার্থক্য আলোচনা করো।

(খ) ঝাড়খণ্ডী বা বরেন্দ্রী উপভাষার বৈশিষ্ট্য আলোচনা করো।

(গ) কারণ নির্দেশসহ অলংকার নির্ণয় করো :

"বসিলা যুবতী
পদতলে, আহা মরি, সুবর্ণ দেউটি
তুলসীর মূলে যেন জ্বলিল।"





(ঘ) তোমার সিদ্ধান্তের কারণ উল্লেখ করে অলংকার নির্ণয় করো :

"শুনিতেছি আজো আমি প্রাতে উঠিয়াই
'আয় আয়' কাঁদিতেছে তেমনি সানাই।"

(ঙ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"গলির মোড়ে বেলা যে পড়ে এলো
পুরানো সুর ফেরিওয়ালার ডাকে,
দূরে বেতার বিছায় কোন মায়া,
গ্যাসের আলো জ্বলা এদিন শেষে।"

(চ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"আমি ক্লান্ত প্রাণ এক চারিদিকে জীবনের সমুদ্র সফেন
আমারে দু দণ্ড শান্তি দিয়েছিল নাটোরের বনলতা সেন।"

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) প্রাচীন বাংলার বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।

(খ) বাংলা শব্দভাণ্ডারের বিদেশী উপাদান সম্বন্ধে একটি আলোচনা প্রস্তুত করো।

(গ) শব্দদ্বৈত কাকে বলে? শব্দদ্বৈত কয় প্রকার ও কী কী? উদাহরণসহ বিভিন্ন প্রকার শ্রেণী সম্বন্ধে আলোচনা করো।

(ঘ) স্বরসঙ্গতি কাকে বলে? স্বরসঙ্গতি কয় প্রকার ও কী কী? উদাহরণসহ প্রতিটি প্রকারভেদের সংজ্ঞা নির্দেশ করো।

৫। (ক) রূপক অলংকার কাকে বলে? এই অলংকারের প্রকারভেদ কয়টি ও কী কী? উদাহরণসহ প্রতিটি প্রকারভেদ সম্বন্ধে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) সংজ্ঞা নির্দেশ করে নীচের যে কোনো দুই জোড়া অলংকারের পার্থক্য নিরূপণ করো।

(১) শ্লেষ ও যমক

(২) উৎপ্রেক্ষা ও ভ্রান্তিমান

(৩) ব্যাজস্তুতি ও স্বভাবোক্তি

৬। (ক) ধ্বনিপ্রধান ছন্দ বলতে কী বোঝায়? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

*অথবা*

(খ) "বাংলা পদ্যের ছন্দোরীতিগুলি অক্ষর এবং মাত্রার পারস্পরিক পরিমাণগত সম্পর্কের উপর ভিত্তি করেই গড়ে উঠেছে।" উদাহরণ দিয়ে মন্তব্যটি বুঝিয়ে দাও।

★ ★ ★